

# পরিবার পত্র


প্রিয় ছাত্র/ছাত্রী এবং পরিবারের সদস্যবৃন্দ,

আমাদের ক্লাস গণিতের একটি নতুন বিষয় অধ্যয়ন শুরু করতে চলেছে, যেখানে ছাত্র/ছাত্রীরা সৃজন করবে, কাজ করবে, এবং বীজগাণিতিক রাশি দিয়ে সরলীকরণ করবে। এই অধ্যায়ের অনেকাংশই আপনার জানা বলে মনে হবে যদি আপনি আপনার নিজের বীজগণিতের অধ্যয়নের কথা মনে করেন।

গণিতের সবচেয়ে শক্তিশালী যন্ত্রগুলির একটি হচ্ছে বীজগণিত। এর উপযোগিতা - এবং এমন কি সৌন্দর্য - হচ্ছে বীজগণিত আপনাকে অনেক সমস্যা আনতে দেয় এবং সমাধান করতে দেয় একটু চেষ্টা দ্বারাই। একটি উদাহরণ হচ্ছে :

সিনেমার খরচ প্রত্যেক প্রাপ্তবয়স্কের জন্য 4.50 ডলার এবং এর অর্ধেক চারটি শিশুর প্রত্যেকের জন্য, যার মধ্যে থেকে বাদ দিন আপনার 3 ডলারের কুপন। আপনি কত দাম দেবেন? উত্তর হল ডলার  $[4.50x + 2.25(4) - 3]$ , যেখানে  $x$  হচ্ছে প্রাপ্তবয়স্কদের সংখ্যা।

এই অধ্যায়ে আমরা রাশিগুলিকে গুণ করতে শেখা শুরু করব যেমন  $x(x + 5)$  এবং  $(x + 1)(x + 5)$ , একটি জ্যামিতিক ছাঁচের উল্লেখ দিয়ে। উদাহরণস্বরূপ, একটি বড় আয়তক্ষেত্রের ক্ষেত্রের ক্ষেত্রফল বের করার জন্য আপনি দৈর্ঘ্যকে প্রস্থ দিয়ে গুণ করুন অথবা  $x(x + 3)$ । কিন্তু, আমরা বর্গক্ষেত্রের ক্ষেত্রফলও বের করতে পারি,  $x \cdot x$  অথবা  $x^2$ , এবং ছোট আয়তক্ষেত্রের ক্ষেত্রফলকে যোগ করতে পারি,  $x \cdot 3$  অথবা  $3x$ ,  $x^2 + 3x$  পাবার জন্য। এটা দেখাচ্ছে  $x(x + 3) = x^2 + 3x$ ।



**শব্দাবলী** চলার পথে, আমরা নতুন এই শব্দপদগুলি শিখব :

বাইনমিয়াল

বিস্তৃতকরণ

একই শব্দপদ

**আপনারা বাড়িতে কি করতে পারেন?**

এই অধ্যায় জুড়ে, ছাত্র/ছাত্রীরা বাস্তব পরিস্থিতি নিয়ে এবং জ্যামিতিক ছাঁচ নিয়ে কাজ করবে, যাতে তাদের বোধ জন্মায় যে প্রতীক নিয়ে বা চিহ্ন নিয়ে যে তাদের গণনা সেটা কেন সেই পথেই যাচ্ছে। আপনি আরও গভীর একটি বোধবুদ্ধির দিকে তাদের আগ্রহান্বিত করতে পারেন তাদের এই কথা বলে যে তারা যেন তাদের কাজ আপনাকে ব্যাখ্যা করে, জ্যামিতিক ছাঁচ ও চিহ্ন দুটিই ব্যবহার করে।

